



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর

চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪০৪৪

E-Mail: gazipbs@yahoo.com

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০০৩.২৩.২৩

তারিখঃ- ১৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর গাজীপুর জেলার মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা আইন ব্যবসায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে অন্ততঃ পক্ষে ০৮ (আট) বছর যাবৎ (শুধু গাজীপুর জেলায়) নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক, যারা আইন ব্যবসায় জেলা (শুধু গাজীপুর জেলা) পর্যায়ে নিয়োজিত আছেন কেবল তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ০১(এক) মাসের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৪। নিয়োগ পরবর্তী সময়ে পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী মাসিক রিটেইনার ফি ও অন্যান্য ফি প্রদান করা হবে।
- ০৫। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম, পিতার ও মাতার নাম (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (গ) আইন পাসের সনদ পত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র (ঙ) এ্যাডভোকেট হিসাবে বার কাউন্সিলের এনরোলমেন্টের সনদ পত্র (চ) আইন ব্যবসায়ের সময়কাল (সহকারী জজ কোর্ট/থানা কোর্ট, জজ কোর্ট, সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপীল ডিভিশন ওয়ারী) (ছ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা (জ) ০২(দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি ও নাগরিকত্বের সনদপত্র এবং (ঝ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত এবং অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তা উল্লেখপূর্বক আগামী ১৫/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌঁছাতে হবে।
- ০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে গাজীপুর পবিস-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

নোটিশ বোর্ডের মাধ্যমে
প্রচারের অনুরোধসহ

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা ও দায়রা জজ, গাজীপুর।
- ০৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ০৪। পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৭। সভাপতি, জেলা আইনজীবী সমিতি/প্রেস ক্লাব/বার কাউন্সিল, গাজীপুর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (গাজীপুর সদর/কালীগঞ্জ), গাজীপুর।
- ০৯। ডিজিএম (সদর-কারিগরি ও ছায়াবীথি/বোর্ডবাজার/কোনাবাড়ী/কাশিমপুর/পুর্নাইল/কালীগঞ্জ জোনাল অফিস), গাজীপুর পবিস-১।
- ১০। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/প্রশাসন/আইটি/ওএসএম/ইএসসি/পিএসএম), গাজীপুর পবিস-১।
- ১১। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

০১/০১/২৩